[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ সোমবার (১৪ নভেম্বর) ভোর রাতের দিকে গাংনী থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে আটক করে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামে সম্প্রতি একটি চুরির ঘটনায় সন্দেহভাজন হিসেবে তাকে আটক করে আজ সোমবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে চালান দেওয়া হয়েছে।

এদিকে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বিএনপি নেতা আজিজুল হক ডাকুকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তিনি বলে, আজিজুল ইসলাম চৌগাছা গ্রামে একজন ভাল মানুষ। তার বিরুদ্ধে একের পর এক মামলা দিয়েছে। আমি এই গ্রেফতারের নিন্দা জানাচ্ছি। অবিলম্বে তার মুক্তি দাবি করছি।

মুজিবনগরে গুডনেইবার্স এর আয়োজনে বিশ্ব ডায়োবেটিস দিবস পালিত

মুজিবনগরে গুডনেইবার্স মেহেরপুর সিডিপির আয়োজনে বিশ্ব ডায়বেটিস দিবস পালিত হয়েছে।

সোমবার বেলা সাড়ে এগারোটার দিকে গুডনেইবার্স মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে দিবসটি পালন করা হয়।
এ উপলক্ষে এডমিন অফিসার লরেন্স ঢালির সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.আসাদুজ্জামান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়নের ৬ নং ওয়ার্ড ইউপি সদস্য বাবুল মল্লিক,গুডনেইবার্স সিডিসি মেম্বার এবং চেয়ারপার্সন রেহেনা খাতুন,মেডিকেল ইয়াসিন আল বাশার,সিডিপি প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহাম্মুদ প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই ডায়োবেটিস দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন, গুডনেইবার্স মেহেরপুর সিডিপি মানেজার বিভোব দেওয়ান। অনুষ্ঠান শেষে শিশুদের মাঝে ভালোবাসার উপহার বিতরণ করা হয়।

চাকুরীর অভিজ্ঞতা মাদক, সন্ত্রাস ও খারাপ নির্মূলে কাজে লাগাতে হবে -পুলিশ সুপার রাফিউল আলম

অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যদের উদ্দ্যেশ্যে মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম বলেন আপনাদের চাকুরী জীবনের অভিজ্ঞতা সমাজ থেকে মাদক, সন্ত্রাস ও খারাপ নির্মূলে কাজে লাগাতে হবে। অবসরের দিনগুলি ভাল কাজের সাথে থাকার আহবান জানিয়ে তিনি বলেন, আপনারা ব্যক্তি জীবনের কোনো সমস্যায় পড়লে সরাসরি পুলিশ সুপারকে জানানোরও অনুরোধ করেন তিনি।

মেহেরপুরে রিটায়ার্ড পুলিশ এ্যাসোসিয়েশনের সদস্যদের মাঝে নিবন্ধন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

আজ সোমবার (১৪ নভেম্বর) সকাল ১০ টার সময় নতুন শেখপাড়া এলাকায় সংস্থার কার্যালয়ে এই সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়।

রিটায়ার্ড পুলিশ এ্যাসোসিয়েশনের মেহেরপুর জেলা শাখার সভাপতি দেওলওয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত নিবন্ধন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক (ডিডি) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বী, শহর সমাজ কার্যালয়ের সোহেল মাহমুদ, সাবেক পুলিশ পরিদর্শক আব্দুল জলিল, মেহেরপুর পৌর সভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজীব।

বিন্ধন সনদ বিতরণ অনুষ্ঠানে পুলিশ বিভাগ থেকে অবসরে যাওয়া পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে ফ্রী মেডিকেল ক্যাম্প

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে গাংনী ডক্টর পয়েন্টস, ডায়াবেটিস রিসার্স সেন্টারের উদ্যোগে দিনব্যাপি ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হচ্ছে।

গাংনী কাথুলি মোড় এসআরএস টাওয়ারের ডক্টর পয়েন্টসে এই ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হচ্ছে। ০১৭২১৫৬১২৬৩ ও ০১৭৩১১৮৬১১১৩ মোবাইল নং নাম বয়স ও গ্রাম লিখে এসএমএসের মাধ্যমে রেজিষ্ট্রেশন করার জন্য বলা হয়েছে।

এই ফ্রী মেডিকেল ক্যাম্পে দিন ব্যাপি ফ্রী রোগী দেখবেন বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয়ের (পিজিটি) মেডিসিন, এমডি কার্ডিওলোজি রেসিডেন্ট ডাক্তার সজীব উদ্দীন স্বাধীন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার পিজিটি (মেডিসিন) সিসিডি (বার্ডেম) ডাক্তার আদিলা আযহার আরশি ও মেহেরপুর ২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালের মেডিকেল অফিসার পিজিটি (মেডিসিন) সিএমইউ (ঢাকা) ডাক্তার শোভন মল্লিক।

এলাকার ডায়াবেটিস রোগীদের যোগাযোগ ও ফ্রী মেডিকেল ট্রিটমেন্ট নেওয়ার জন্য গাংনী ডক্টরস পয়েন্টস এর পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।

[redacted]

[redacted]

এসময় সাইদুর পুলিশকে জানায়, তার মোবাইলে রেড্ডি নামের অ্যাপস ব্যবহার করে অনলাইন জুয়ার সাইট লাইনবেটের সাব এজেন্ট হিসেবে কাজ করে। বর্তমানে তার মোবাইলে ৩ লাখ ৯৬ হাজার ৮৬১ টাকা রয়েছে।

গতকাল রবিবার বিকালে তাদের আদালাতের মাধ্যমে জেলা কারাগারে পাঠানো হয়েছে। তবে মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানে বেরিয়ে এসেছে আটক সাইদুরসহ অন্যরা যতারপুর গ্রামের কটা বিশ্বাসের চ্যানেল পরিচালনা করে। যে কটা বিশ্বাস অনলাইন জুয়ার মাধ্যমে বিপুল সম্পদের মালিক হয়েছেন।

জানা গেছে, গত ২০ অক্টোবর রাতে মুজিবনগরের মহাজনপুর গ্রামের মাঠাপাড়া এলাকার খয়রুদ্দিনের বাড়িতে অভিযান চালিয়ে চার অনলাইন এজেন্টকে আটক করে। তারা হলেন- মোনাখালি গ্রামের দক্ষিণপাড়া বাসিন্দা ও সাবেক চেয়ারম্যান মাহাবুবুর রহমানের ছেলে মাহফুজুর রহমান জয় (২৪), রশিকপুর গ্রামের খানপাড়ার রকিব শেখের ছেলে তরিকুল ইসলাম (২৬), মহাজনপুর গ্রামের মাঠপাড়ার মনিরুল ইসলামের ছেলে আক্তারুজ্জামান আক্তার (২২) ও মহাজনপুর খাঁ পাড়ার আবুল বাশারের ছেলে রুবেল হোসেন (২৩) কে আট করে মুজিবনগর থানা ও ডিবি পুলিশ। এসময় তাদের অপর সহযোগী মহাজনপুর গ্রামের মিনারুল ইসলামের ছেলে শাহিন (৩০), খয়রুদ্দিনের ছেলে আরিফুল ইসলাম (২৫), জাকের আলীর ছেলে হেলাল (২৮), উজ্জল হোসেনের ছেলে মাহফুজ (২০) পালিয়ে যায়।

এ ঘটনায় মুজিবনগর থানায় এস আই উত্তম কুমার বাদী হয়ে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ৩০(২)/৩৫ ধারায় গতকাল বৃহস্পতিবার একটি মামলা দায়ের করেন। মামলায় তদন্তভার দেওয়া হয়েছে ডিবি ওসি সাইফুল আলমকে।

মামলার এজাহারে জানা গেছে, আসামি মাহফুজুর রহমান জয়ের কাছ থেকে একটি অপপো ব্রান্ডের মোবাইল ফোনসহ ০১৯১১৯০৮৪৭৪ ও ০১৫৮১-৩৮৬৯৭৪, আসামি আক্তারুজ্জামানের কাছে স্যামস্যাং গ্যালাক্সি কোম্পানীর মোবাইল ফোন এবং সিম নং ০১৮৪১০৬৫১৩০ এবং ০১৮৮৮০৮৯৬০৩, তরিকুল ইসলামের কাছে থেকে উদ্ধার করা হয়েছে রিয়েল মি জিটি মাষ্টার মডেলের একটি ফোন। মোবাইলে সিম রয়েছে ০১৯৪৫ ১৫৬৬৭৩ এবং ০১৬৫০-১১৫১৮৮, রুবেল হোসেনের কাছ থেকে রেডমি নাইন মডেলের মোবাইল ফোন থেকে উদ্ধার করা হয়েছে ০১৯৭৩৯৫৮০৩০ এবং ০১৩০৫-৪২৪৫৭৩। এছাড়া একটি বিকাশ এজেন্ট সিম যার নং ০১৭৫৩৫৮৮২৪১, ও একটি রকেট এজেন্ট সিম যার নং ০১৭৭৯৩৪৯৭৩৬, দুটি গ্রামীণ ফোন কোম্পানীর সিম দুটি সাদা কাগজে মোড়ানো। রকেট ১৩৫৭ ও বিকাশ

মুজিবনগর থানা পুলিশ ও সাইবার নিরাপত্তা বিভাগ কয়েক দফা অভিযান চালিয়ে এ নিয়ে ১৬ জন অনলাইন জুয়ার হোতাকে আটক করে আইনের আওতায় নিয়ে এসেছে। একই সঙ্গে মেহেরপুর প্রতিদিন ধারাবাহিক অনুসন্ধানি প্রতিদেবন প্রকাশ করায় অনলাইন জুয়ার সাথে জড়িতরা ভিন্ন কৌশল বেছে নিয়েছেন। অনেকে গা ঢাকা দিয়ে জেলার বাইরে গিয়ে ব্যবসা পরিচালনা করছেন এবং জেলার বাইরে থেকে বিকাশ, রকেট, নগদসহ অন্যান্য কোম্পানীর এজেন্ট সংগ্রহ করে ব্যবসা চালিয়ে যাচ্ছেন গ্রেফতার এড়ানোর জন্য। (চলবে..)

অনলাইন জুয়ার সকল সংবাদ পড়ুন

মেহেরপুরে অনলাইন জুয়ার আরেক মাস্টারমাইণ্ড সজিব আটক

মেহেরপুরের অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট শামিম অধরা

অনলাইন জুয়ার এজেন্ট শামিমকে নিম্ম আদালতে আত্মসমর্পণের নির্দেশ

অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট শামিম কারাগারে

মেহেরপুরে অনলাইন জুয়ার মাস্টারমাইণ্ড প্রসেনজিৎ সহযোগীসহ আটক

অনলাইন জুয়ার খপ্পরে মেহেরপুরের অর্ধশত তরুণ

ধরাছোঁয়ার বাইরে অনলাইন জুয়ার অন্যতম চার হোতা মুকুল-জামান-নুরুল-মাদার

অনলাইন জুয়ার হোতা নুরুল ও জামানকে শোকজ

মেহেরপুরে হারিয়ে যাওয়া ১৩ টি মোবাইল ও ৬৮ হাজার টাকা ফেরত পেলেন প্রকৃত মালিকরা

হারিয়ে যাওয়া এবং চুরি হওয়া ১৩ টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন ও বিকাশে ভুলক্রমে চলে যাওয়া তিন ভিকটিমের ৬৮ হাজার টাকা ফেরৎ

পেলেন প্রকৃত মালিকরা।

মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম রবিবার (১৩ নভেম্বর) দুপুরে নিজ কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে মোবাইল ফোন ও টাকার প্রকৃত মালিকদের হাতে তুলে দেন। এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) উপস্থিত ছিলেন।

বিভিন্ন থানার সাধারণ ডাইরি(জিডি) ও অভিযোগের ভিত্তিতে মেহেরপুর সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল তথ্য প্রযুক্তির মাধ্যম এসব ফোন ও টাকা উদ্ধার করেন। মোবাইল ফোন ও টাকা পেয়ে ভুক্তভোগীরা বাংলাদেশ পুলিশ এবং মেহেরপুর সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

জাগ্রত সাহিত্য সম্মাননা পদক পেলেন সাংবাদিক এসএম জামাল

কুষ্টিয়ার সাংবাদিক ও লেখক এস এম জামাল জাগ্রত সাহিত্য সম্মাননা পদক পেয়েছেন।

গতকাল শনিবার (১২ নভেম্বর) বিকেলে ঢাকা মহানগর নাট্যমঞ্চে মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে জাগ্রত সাহিত্য সম্মাননা-২০২২ উপলক্ষে এ পুরস্কার দেওয়া হয়।

জাগ্রত গ্রুপের চেয়ারম্যান কবি জাগ্রত হিরো শিহাব রিফাত আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দেন একুশে পদকপ্রাপ্ত কবি আল মুজাহিদী।

জাগ্রত গ্রুপের চেয়ারম্যান জাগ্রত হিরো শিহাব রিফাত আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা খ্যাতিমান কবি আল মুজাহিদী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, বীর মুক্তিযোদ্ধা ও অভিনেতা আহসানুল হক মিনু, জাগ্রত সাহিত্য পরিষদ এর প্রতিষ্ঠাতা বর্তমান প্রধান উপদেষ্টা সাহিত্যিক ও কবি হাসান টুটুল, বাংলা একাডেমির

আজীবন সদস্য কবি আতিক হেলাল, জাগ্রত সাহিত্য পরিষদের সভাপতি আশরাফ চৌধুরী, সেক্রেটারী জেনারেল নাসরিন ইসলাম, প্রচার সম্পাদক মোঃ মেজবাউল হক নাছিম, কবি অধরা আলো, কবি নায়লা পাইলট, কবি শামসুল হক শামীম, কবি এইচ এম হাসান মাহমুদ প্রমুখ

মেহেরপুর শহর জুড়ে বিদ্যুতের মরণ ফাঁদ! বিদ্যুৎ বিভাগ উদাসীন

বিপদজনক উচ্ছতায় যত্রতত্র বিদ্যুতের খোলা তার যেনো মেহেরপুরে শহর জুড়ে মরণ ফাঁদে পরিণত হয়েছে।

বিদ্যুৎবাহি ওভারহেড তার একেবারেই খোলা। অত্যন্ত জনবহল এলাকায় বাড়ির ছাঁদ বা জানালায় বা বেলকুনির মাঝখান দিয়ে চলে গেছে খোলা তার।সেই তারের মাঝেই বিপদজনকভাবে বসবাস করার পাশাপাশি বাড়ি নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছেন শহরবাসি।

তবে, শুধু ওভারহেড তারের ক্ষেত্রেই বিপদ হওয়ার সম্ভাবনা রয়েছে এমনটি নয়, বিদ্যুৎ দপ্তরের উদাসীনতা চোখে পড়ছে শহরের প্রতিটি রাস্তাতে।

রাস্তার ধারে বিদ্যুতের খুটি, ট্রান্সমিটারসহ নানা বিষয়গুলি বিদ্যুৎ দপ্তরে জানিয়েও কোনো সুরাহা পাচ্ছেনা শহরবাসি।মেহেরপুর শহরের নতুনপাড়া এলাকার চুলকানির মোড় নামক স্থানে গিয়ে চোখে পড়বে বিদ্যুতের বিপদজনক অবস্থা।

ডিলারশীপ ব্যবসায়ী আলেয়া স্টোরের মালিক মহব্বত আলী বলেন, আমি চুলকানির মোড়ে বাড়ি নির্মাণ করছি। দোতালার বেলকুনির মাঝখান দিয়ে বিদ্যুতের ৩৩ হাজার ভোল্টেজের তার চলে গেছে। কয়েকদিন আগে আমি বিদ্যুৎ অফিসে যোগাযোগ করি। কিন্তু কোনো ফয়সালা পাইনি।তারা তার সরানোর জন্য কিছু টাকাও দাবী করেছিল। আমি দিতেও চেয়েছি। কিন্তু এখন পর্যন্ত কোনো কাজ হয়নি।নির্মাণ কাজ করতে

গিয়ে রাজু আহম্মেদ নামের একজন নির্মাণ শ্রমিককে বিদ্যুতে টেনে নেয়। পরে বাঁশ দিয়ে তাকে সেখান থেকে ছুড়ানো হয়। কোনো মতে প্রাণে বাচে ওই নির্মাণ শ্রমিক।তিনি বলেন আমি বিদ্যুতের তারের কারণে চরম আতংকের মধ্যে আছি। আমার বাড়ি নির্মাণ হলেও শুধুমাত্র বিদ্যুতের ঝুকির কারণে সেখানে বসবাস করা আমার জন্য কঠিণ হয়ে দাড়াবে।

একটু এগিয়ে গিয়েই চোখে পড়বে ডাক্তার আখতারুজ্জামানের দোতালা বাড়িটি। বাড়ির বেলকুনির সাথেই লেগে আছে বিদ্যুতের তার। এসএস পাইপের সাথে বিদ্যুতের তার লেগে থাকায় চরম আতংকে রয়েছে পরিবারটি। বাড়ির মালিক ডাক্তার আখতারুজ্জামান বলেন, আমি চরম ঝুঁকি নিয়ে এই বাড়িটিতে বসবাস করছি। বিদ্যুৎ অফিসের সাথে বারবার যোগাযোগ করার পরেও কোনো সূরাহা পাইনি। যখন বিদ্যুতের পোল স্থাপন করেন ও তার টানেন তখন বারবার বিষয়টি বিবেচনার জন্য বিদ্যুৎ অফিসের কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলেও তিনি কর্নপাত করেননি।

নতুনপাড়ার বাসিন্দা বেলাল হোসেন বলেন, আমার ভাই দুলাল হোসেনের বাড়ির ছাদের উপর বিদ্যুতের ১১ হাজার ভোল্টেজ লাইন চলে গেছে। ছাদের উপর আমাদের পরিবারের কোনো লোকজন উঠতে পারেন না। কখনো কখনো শিশুরা অসাবধনতা ছাদের উপর চলে যায়। এনিয়ে পরিবারের লোকজন চরম আতংকের মধ্যে থাকি আমার।

একই পাড়া বাসিন্দা ফয়জেল মিস্ত্রি বলেন, আমার বাড়ির ছাদের উপর বিদ্যুতের খোলা তার ঝুলছে দীর্ঘদিন। আমি বিদ্যুৎ অফিসের সাথে যোগাযোগ করলে তারা বলেছেন ৪০ হাজার টাকা দিলে খুটি সরিয়ে নেবে বলেছেন বিদ্যুৎ অফিস। কিন্তু আমার তো টাকা নেই। তাই মৃত্যুর মত ঝুঁকি নিয়েই এই বাড়িতে বসবাস করছি।

শহরের বাসিন্দা রাকিব হোসেন ও আরিফুল ইসলাম বলেন, মেহেরপুর শহরে বিদ্যুতের লাইন যেন মৃত্যুফাঁদ। বিদ্যুতের ঝুঁকিপূর্ণ লাইন মেরামত হচ্ছে না। দীর্ঘ দিনের পুরানো, জরাজীর্ণ। অপরিকল্পিত, অবৈধ অনিরাপদ তারে ভরা। প্রতিনিয়ত দুর্ঘটনার ঝুঁকি আমাদের দোয়ারে এসে কড়া নাড়ছে মৃত্যুর। কিন্তু প্রতিকার পাচ্ছিনা।

সরকারি চাকুরিজীবী সুমন বলেন, যত্রতত্র বিদ্যুতের খোলা তার! নিরাপত্তা মানদণ্ড না মেনে বিদ্যুৎ লাইন সম্প্রসারণ ও সংযোগ দেয়ার কারণে শহরে বাড়ছে মৃত্যুর মত ঝুঁকি। বিদ্যুৎ লাইনের সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণের কাজে বিতরণকারী সংস্থাগুলোর ভুল

এবং অবহেলার কারণে দুর্ভাগ্যজনক পরিণতির শিকার হচ্ছে জনগণ।

মেহেরপুর পিডিপির নির্বাহী প্রকৌশলী ইঞ্জিনিয়ার তোফাজ্জেল হোসেন বলেন, শহরের বাসিন্দারা বিদ্যুতের তারের মধ্যে এসে বিল্ডীং নির্মাণ করছেন। মানুষকে বিদ্যুৎ সরবরাহ করতে হলে লাইন নির্মাণ করতে হবে। আমরা সব সময় জনগণকে বিদ্যুৎ লাইন থেকে একটু দুরে বিল্ডীং নির্মাণের পরামর্শ দিয়ে থাকি। তারা বিল্ডীয় কোড না মেনেই তাদের বাড়ি ঘর নির্মাণ করছেন। এই সমস্যার কারণে আমরা এখন বিদ্যুৎ লাইনের জন্য পোল পুঁততেও পারছিনা।

টাকা দিলে পোল সরিয়ে নিতে চান এমন অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, বিদ্যুৎ লাইনে কারোর কোনো সমস্যা হলে তারা অফিসিয়াল ভাবে আবেদন করবেন। আমরা সেটা তদন্ত করে খুলনাতে পাঠায়। তারপর সেখান থেকে খরচ খরচা বা অন্যান্য বিষয়গুলো জানানো হয়। আনঅফিসিয়ালী কোনো টাকা পয়সার বিষয় কোনো ব্যক্তির কাছে আমরা বলিনা। কেউ বলে থাকলে সেটা তাদের বিষয়। এসব কথার কোনো বেইজ নেই।

গাংনী উপজেলা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির অভিষেক অনুষ্ঠান

গাংনী উপজেলা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির অভিষেক অনুষ্ঠান গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে রবিবার (১৩ নভেম্বর) বেলা ১১ টার সময় অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা প্রেসক্লাবের দ্বি বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু, গাংনী উপজেলা প্রকৌশলী ফয়সাল আহম্মেদ ও বিদায়ী সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম।

সাংবাদিক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নির্বাচন কমিশনার আবুল কাশেম অনুরাগি, গাংনী প্রেসক্লাবের সহসভাপতি মজনুর রহমান আকাশ, সাধারণ সম্পাদক মাহাবুব আলম, গাংনী উপজেলা প্রেসক্লাবের সিনিয়র সদস্য সাহাজুল সাজু, শিক্ষক নেতা হাসানুজ্জামান, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, তোফায়েল আহম্মেদ।

অভিষেক অনুষ্ঠানে সভাপতি এমএ লিংকন ও সাধারণ সম্পাদক এমএন পাভেলকে ফুলের তোড়া দিয়ে বরণ করে নেওয়া হয়। এসময় বিদায়ী সভাপতি আমিরুল ইসলাম অল্ডামকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানানো হয়।